# বাংলাদেশ কৃষি ব্যাংক

## প্রধান কার্যালয়

৮৩-৮৫, মতিঝিল বা/এ, ঢাকা।

## ক্রেডিট বিভাগ

ফোন-৯৫৫০৪০৩, ই-মেইল dgmsme@krishibank.org.bd

মুজিববর্ষের প্রতিশ্রুতি আর্থিক খাতের অগ্রগতি

নং- বিকেবি-প্রকা/ক্রেবি (শাখা-৪)এসএমই-৭(৮)/২০২০-২০২১/ ২৪৪৪ (১২৫০) তারিখঃ ২২.০২.২০২১

মহাব্যবস্থাপক, বিভাগীয় কার্যালয়সমূহ/স্থানীয় মুখ্য কার্যালয়, ঢাকা।
উপ-মহাব্যবস্থাপক, কর্পোরেট শাখাসমূহ।
সকল মুখ্য আঞ্চলিক/আঞ্চলিক ব্যবস্থাপক।
সকল শাখা ব্যবস্থাপক (মুখ্য আঞ্চলিক/আঞ্চলিক ব্যবস্থাপকের মাধ্যমে)
বাংলাদেশ কৃষি ব্যাংক।

বিষয়ঃ নভেল করোনা ভাইরাস (COVID-19) এর প্রাদুর্ভাবের কারণে ক্ষতিগ্রস্থ সিএমএসএমই উদ্যোক্তাদের প্রদত্ত ঋণ/বিনিয়োগের সীমাতিরিক্ত স্থিতি নির্ধারিত সময়ের মধ্যে সমন্বয় প্রসঙ্গে।

প্রিয় মহোদয়,

উপর্যুক্ত বিষয়ে বাংলাদেশ ব্যাংক প্রধান কার্যালয়ের এসএমই এন্ড স্পেশাল প্রোগ্রামস্ ডিপার্টমেন্ট এর ১৪.০২.২০২১ তারিখের পত্র সূত্র নংঃ এসএমইএসপিডি/৭০১(৪৪)/কোভিড-১৯/২০২১-৬৭৭ এর প্রতি সদয় দৃষ্টি আকর্ষণ করা যাচ্ছে (কপি সংযুক্ত)।

০২। বাংলাদেশ ব্যাংকের ১৩.০৪.২০২০ তারিখের এসএমইএসপিডি সার্কুলার নং-০১ এবং ১৯.১১.২০২০ তারিখের এসএমইএসপিডি সার্কুলার লেটার নং-১৪ মোতাবেক সিএমএসএমই উদ্যোক্তাদের প্রদত্ত ঋণ/বিনিয়োগের বিপরীতে আরোপিত সুদ/মুনাফাসহ ঋণ/বিনিয়োগ স্থিতি (Loan Outstanding) ঋণসীমা অতিক্রম করলে সীমাতিরিক্ত স্থিতি প্রতি ত্রৈমাসিক শেষে পরবর্তী ১০(দশ) কর্মদিবসের মধ্যে ঋণগ্রহীতা কর্তৃক পরিশোধ করার সুযোগ প্রদান করা সত্ত্বেও অত্র ব্যাংক কর্তৃক আদায় কার্যক্রম উক্ত সময়ের মধ্যে পরিপালিত না হওয়ায় আর্থিক সহায়তা প্যাকেজের আওতায় সরকার প্রদেয় সুদ ভর্তুকীর অনাপত্তি প্রদানে বিঘ্ন ঘটছে মর্মে উপরোক্ত পত্র মোতাবেক অবহিত করা হয়েছে।

০৩। প্রণোদনা প্যাকেজের আওতায় সিএমএসএমই খাতে বিতরিত ঋণের স্থিতি সুদারোপের ফলে ঋণসীমা অতিক্রম করলে প্রতি ত্রৈমাস শেষে পরবর্তী ১০(দশ) কর্মদিবসের মধ্যে ঋণগ্রহীতা কর্তৃক তা পরিশোধিত হতে হবে। অথচ মাঠ কার্যালয়সমূহ কর্তৃক আরোপিত সুদের টাকা আদায় না করে/ ঋণ হিসেবে সীমাতিরিক্ত স্থিতি রেখে সুদ ভর্তুকী সংক্রান্ত প্রতিবেদন প্রেরণ করা হচ্ছে। সার্কুলার মোতাবেক উক্ত হিসাবসমূহের ক্ষেত্রে সুদ ভর্তুকী সুবিধা না পাওয়ায় ব্যাংক আর্থিকভাবে ক্ষতিগ্রস্থ হচ্ছে।

০৪। এমতাবস্থায়, বাংলাদেশ ব্যাংকের ১৩.০৪.২০২০ তারিখের এসএমইএসপিডি সার্কুলার নং-০১ এবং ১৯.১১.২০২০ তারিখের এসএমইএসপিডি সার্কুলার লেটার নং-১৪ এর নির্দেশনা যথাযথভাবে অনুসরণপূর্বক প্রদত্ত ঋণের আরোপিত সুদসহ স্থিতি ঋণসীমা অতিক্রম করলে সীমাতিরিক্ত স্থিতি প্রতি ত্রৈমাসিক শেষে পরবর্তী ১০(দশ) কর্মদিবসের মধ্যে ঋণ গ্রহীতার নিকট হতে আদায়পূর্বক সুদ ভর্তুকী সংক্রান্ত প্রতিবেদনে নির্ধারিত ছকে ১১(এগার) কর্মদিবসের মধ্যে অত্র বিভাগে প্রেরণ নিশ্চিত করার জন্য অনুরোধ করা হলো। অন্যথায় এর দায় সংশ্লিষ্টদের উপর বর্তাবে।

০৫। বিষয়টি অতীব জরুরী।

অনুমোদনক্রমে-

আপনার বিশ্বস্ত,
22.02.2021
(মোহাম্মদ মঈনুল ইসলাম )
উপমহাব্যবস্থাপক

সংযুক্তিঃ বর্ণনামতে।

নং- বিকেবি-প্রকা/ক্রেবি (শাখা-৪)এসএমই-৭(৮)/২০২০-২০২১/ ২০৪৪ (১২৫০) তারিখঃ ২২.০২.২০২১

সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি প্রেরণ করা হলোঃ

০১। চীফ স্টাফ অফিসার, ব্যবস্থাপনা পরিচালক মহোদয়ের সচিবালয়, বিকেবি, প্রধান কার্যালয়, ঢাকা।
০২। স্টাফ অফিসার, উপ-ব্যবস্থাপনা পরিচালক-১, ২ ও ৩ মহোদয়ের সচিবালয়, বিকেবি, প্রধান কার্যালয়, ঢাকা।
০৩। স্টাফ অফিসার, সকল মহাব্যবস্থাপক মহোদয়ের দপ্তর, বিকেবি, প্রধান কার্যালয়, ঢাকা।
০৪। অধ্যক্ষ, বিকেবি, স্টাফ কলেজ, মিরপুর, ঢাকা।
০৫। সকল উপ-মহাব্যবস্থাপক/সচিব, বিকেবি, প্রধান কার্যালয়, ঢাকা।
০৬। উপ-মহাব্যবস্থাপক, আইসিটি সিস্টেমস, কার্ড ও মোবাইল ব্যাংকিং বিভাগ, বিকেবি, প্রধান কার্যালয়, ঢাকা। উপরোক্ত পত্রটি ব্যাংকের অফিসিয়াল ওয়েব সাইটে আপলোড করার প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ করা হলো।
০৭। সকল বিভাগীয় নিরীক্ষা কর্মকর্তা, বিকেবি, বিভাগীয় নিরীক্ষা কার্যালয়সমূহ।
০৮। সকল আঞ্চলিক নিরীক্ষা কর্মকর্তা, বিকেবি, আঞ্চলিক নিরীক্ষা কার্যালয়সমূহ।
০৯। নথি/মহানথি।

22/02/2021
(মুহাম্মদ মোশাররফ হোসেন)
সহকারী মহাব্যবস্থাপক

৫০১১৯

# বাংলাদেশ ব্যাংক

(সেন্ট্রাল ব্যাংক অব বাংলাদেশ)
প্রধান কার্যালয়
মতিঝিল, ঢাকা-১০০০
বাংলাদেশ।

ক্রেডিট বিভাগ-১

এসএমই এন্ড স্পেশাল প্রোগ্রামস্ ডিপার্টমেন্ট

সূত্রঃ এসএমইএসপিডি/৭০১(৪৪)/কোভিড-১৯/২০২১- ৬৭৭

তারিখঃ ১৪.০২.২০২১

ব্যবস্থাপনা পরিচালক/প্রধান নির্বাহী কর্মকর্তা
বাংলাদেশ কৃষি ব্যাংক
প্রধান কার্যালয়
ঢাকা।

ব্যবস্থাপনা পরিচালকের সচিবালয়
বাংলাদেশ কৃষি ব্যাংক, প্রধান কার্যালয়, ঢাকা।
নং ৪০৯৮ তারিখ ১৭.০২.২০২১
ডিএমডি DMD

প্রিয় মহোদয়,

**নভেল করোনা ভাইরাস (COVID-19) এর প্রাদুর্ভাবের কারণে ক্ষতিগ্রস্থ সিএমএসএমই উদ্যোক্তাদের প্রদত্ত ঋণ/বিনিয়োগের সীমাতিরিক্ত স্থিতি নির্ধারিত সময়ের মধ্যে সমন্বয় প্রসঙ্গে।**

বাংলাদেশ ব্যাংকের ১৩.০৪.২০২০ তারিখের এসএমইএসপিডি সার্কুলার নং-০১ এবং ১৯.১১.২০২০ তারিখের এসএমইএসপিডি সার্কুলার লেটার নং-১৪ মোতাবেক সিএমএসএমই উদ্যোক্তাদের প্রদত্ত ঋণ/বিনিয়োগের বিপরীতে আরোপিত সুদ/মুনাফাসহ ঋণ/বিনিয়োগের স্থিতি (Loan Outstanding) ঋণসীমা অতিক্রম করলে সীমাতিরিক্ত স্থিতি প্রতি ত্রৈমাসিক শেষে পরবর্তী ১০ (দশ) কর্মদিবসের মধ্যে ঋণগ্রহীতা কর্তৃক পরিশোধ করার সুযোগ প্রদান করা সত্ত্বেও আপনাদের ব্যাংক কর্তৃক আদায় কার্যক্রম উক্ত সময়ের মধ্যে পরিপালিত না হওয়ায় আর্থিক সহায়তা প্যাকেজের আওতায় সরকার প্রদেয় সুদ ভর্তুকীর অনাপত্তি প্রদানে বিঘ্ন ঘটছে।

এমতাবস্থায়, সার্কুলারে বর্ণিত সময় সীমার মধ্যে সীমাতিরিক্ত স্থিতি সমন্বয়ের লক্ষ্যে তদারকি কার্যক্রম আরো জোরদারকরণে প্রয়োজনীয় পদক্ষেপ গ্রহণের জন্য আপনাদেরকে পরামর্শ প্রদান করা যাচ্ছে।

মহাব্যবস্থাপক (প্রশাসন) এর দপ্তর
নং- ২৬৩৭ তারিখ ২৮/০২/২০২১
উমব্য,এইচআরএমডি- /ক্রেডিট/বাণিজ্য/
প্রকিউরমেন্ট/বিসিবিডি/আদায়
মহাব্যবস্থাপক

আপনাদের বিশ্বস্ত,

(মোঃ এমদাদুল হক)
উপমহাব্যবস্থাপক
ফোন নং- ৯৫৩০৩৪৯

ফোন ঃ ৮৮-০২-৯৫৫০৪৪৮, ৯৫৫৪৮৯৬, আইপি ঃ ৮৮-০২-৫৫৬৬৫০০১-৬, ফ্যাক্স ঃ ৮৮-০২-৯৫৩০৪৭৯, www.bb.org.bd